# সাবা | Saba | سَبَأ

আয়াতঃ ৩৪ : ৪৮

## আরবি মূল আয়াত:

قُلْ اِنَّ رَبِّىۡ يَقۡذِفُ بِالۡحَقِّ‌ۚ عَلَّامُ الۡغُيُوۡبِ ﴿۴۸﴾

## অনুবাদসমূহ:

বল, ‘আমার রব সত্য পাঠিয়েছেন। তিনি যাবতীয় গায়েব সম্পর্কে পরিজ্ঞাত।’ — আল-বায়ান

বল- আমার প্রতিপালক সত্য ছুঁড়ে দেন (অসত্যকে আঘাত করার জন্যে)। (যাবতীয়) অদৃশ্য সম্পর্কে তিনি পূর্ণরূপে অবগত। — তাইসিরুল

বলঃ আমার রাব্ব সত্য নিক্ষেপ করেন; তিনি অদৃশ্যের পরিজ্ঞাতা। — মুজিবুর রহমান

Say, "Indeed, my Lord projects the truth. Knower of the unseen." — Sahih International

৪৮. বলুন, নিশ্চয় আমার রব সত্য দিয়ে আঘাত করেন(১); যাবতীয় গায়েবের সম্যক জ্ঞানী।

(১) অর্থাৎ আমার আলেমুল-গায়ব পালনকর্তা সত্যকে মিথ্যার উপর ছুড়ে মারেন। ফলে মিথ্যা চুরমার হয়ে যায়। উদ্দেশ্য, মিথ্যার মোকাবেলায় সত্যকে প্রতিষ্ঠিত করা। মিথ্যার উপর সত্যের আঘাতের গুরুতর প্রভাব সৃষ্টি হয়। এটা একটা উপমা। কোন ভারী বস্তুকে হালকা বস্তুর উপর নিক্ষেপ করলে যেমন তা চুরমার হয়ে যায়, তেমনিভাবে সত্যের মোকাবিলায় মিথ্যাও চুরমার হয়ে যায়। তাই এরপর বলা হয়েছে, সত্যের মোকাবিলায় মিথ্যা এমন পর্যুদস্ত হয়ে যায় যে, তা কোন বিষয়ের সুচনা বা পুনরাবৃত্তির যোগ্য থাকে না।

তাফসীরে জাকারিয়া

(৪৮) বল, ‘আমার প্রতিপালক সত্য অবতারণ করেন;[1] তিনি অদৃশ্যের পরিজ্ঞাতা।’

[1] قَذَفَ এর অর্থ হল, (নিক্ষেপ করা) তীর চালানো, পাথর ছুঁড়া এবং কথা বলাও হয়। এখানে শেষোক্ত অর্থে ব্যবহার হয়েছে। অর্থাৎ, আল্লাহ হক কথা বলেন, নিজ রসূলগণের প্রতি অহী অবতীর্ণ করেন এবং তাঁদের মাধ্যমে মানুষের জন্য হক স্পষ্ট করে থাকেন। যেমন অন্য স্থানে বলেছেন (يُلْقِي الرُّوحَ مِنْ أَمْرِهِ عَلَى مَنْ يَشَاءُ مِنْ عِبَادِهِ) অর্থাৎ, তিনি তাঁর বান্দাদের মধ্যে যার প্রতি ইচ্ছা স্বীয় আদেশসহ অহী প্রেরণ করেন। (সূরা মু’মিন ১৫ আয়াত)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3654

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন